

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১২৪.১২৪.২০১৭-৬৭০

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪২৪  
২৩ মে, ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব সাইফুল ইসলাম সুমন এর বিরুদ্ধে টিআর, কাবিখা/কাবিটা, এডিপি ও রাজস্ব তহবিল ব্যবহারে অনিয়ম, নিজ দপ্তরে অনুপস্থিত থাকা এবং কর্মকর্তা-কর্মচারীদের সাথে অশালীন আচরণের অভিযোগে ২জন ভাইস চেয়ারম্যান ও ১১ জন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়;


যেহেতু, উক্ত অনাস্থা প্রস্তাবের বিষয়ে উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ শূণ্যতা) বিধিমালা, ২০১৬ অনুযায়ী বিভাগীয় কমিশনার, ঢাকা কর্তৃক সরেজমিন তদন্ত ও উপজেলা পরিষদের বিশেষ সভা আহবান করে গোপন ব্যালটের মাধ্যমে অনাস্থা প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে ভোট গ্রহণ করা হয়। অনাস্থা প্রস্তাবের পক্ষে ১৩টি ভোট এবং বিপক্ষে ১টি ভোট পড়ে যা চার-পঞ্চমাংশের বেশী।

যেহেতু, তদন্ত প্রতিবেদনে করিমগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব সাইফুল ইসলাম সুমন এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত এবং উত্থাপিত অনাস্থা প্রস্তাবের পক্ষে চার-পঞ্চমাংশের বেশী ভোট গৃহিত হয়েছে বিধায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ক (১৩)নং ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে।

সেহেতু, এহেন কর্মকান্ডের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে তাঁর দ্বারা উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনা করা সমীচীন নয় বিধায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ ক(১৩)নং ধারার বিধান বলে সরকার জনস্বার্থে তাঁকে তাঁর স্থায়ী পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ক ধারার (১৩) উপধারা অনুসারে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব সাইফুল ইসলাম সুমন এর বিরুদ্ধে চার-পঞ্চমাংশের বেশী ভোটে অনাস্থা প্রস্তাব গৃহিত হওয়ায় করিমগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণপূর্বক উপজেলা পরিষদের চেয়ারম্যান পদটি শূণ্য ঘোষণা করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

  
(লুৎফুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭২৩০


e-mail:lgd.upazila2@gmail.com

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১২৪.১২৪.২০১৭-৬৭০

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪২৪  
২৩ মে, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ( নির্ধারিত সময়ে শূণ্য আসনে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)
৫. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
১১. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), করিমগঞ্জ উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কিশোরগঞ্জ / উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
১৩. জনাব সাইফুল ইসলাম সুমন, চেয়ারম্যান (অপসারণকৃত), করিমগঞ্জ উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
১৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

  
(লুৎফুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব